



সিলেটে বিজিবির ড্রোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের উদ্বোধন করলেন স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

সীমান্ত নিরাপত্তায় আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়াতে সিলেটে বিজিবির নতুন বিশেষায়িত ড্রোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান চালু করা হয়েছে। ‘শিমাত্তো স্কুল অব সার্ভেইলেন্স অ্যান্ড ড্রোন ওয়ারফেয়ার’ (এসএসএসডিডব্লিউ) নামে প্রতিষ্ঠানটির উদ্বোধন করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে স্বাক্ষর করেন ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হক।

উদ্বোধনের পর স্বরাষ্ট্রমন্ত্রী নতুন প্রতিষ্ঠানের কমপ্লেক্স ও ডিসপেন্স সেন্টার ঘুরে দেখেন। এ সময় এসএসএসডিডব্লিউয়ের ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট কর্নেল মোহাম্মদ সালাহ উদ্দীন সেখানে পরিচালিত প্রশিক্ষণ, আধুনিক সুযোগ-সুবিধা এবং বিজিবির বিভিন্ন ধরনের ড্রোন ব্যবহারের পরিকল্পনা সম্পর্কে তাকে জানান। পরে প্রশিক্ষণ মাঠে বিজিবির প্রশিক্ষিত ড্রোন পাইলটরা একটি বিশেষ ড্রোন মহড়া প্রদর্শন করেন। এতে সীমান্ত এলাকায় ড্রোন প্রযুক্তির বিভিন্ন ধরনের ব্যবহার তুলে ধরা হয়। মহড়ায় সিক্সম্যান পেট্রোল টিমের কার্যক্রমে ড্রোনের সহায়তা, চোরাচালানবিরোধী অভিযানে সন্দেহভাজন চোরাকারবারীদের শনাক্ত ও আটকে সহায়তা, পুশ-ইন ঠেকাতে ড্রোনের ব্যবহার এবং অনুপ্রবেশকারী বা অজ্ঞাত ড্রোন শনাক্ত ও নিয়ন্ত্রণে এন্টি ড্রোন সিস্টেমের ব্যবহার প্রদর্শন করা হয়। শেষ পর্যায়ে বিজিবির ব্যবহৃত ম্যাভিক ড্রোনসহ বিভিন্ন ধরনের ড্রোন নিয়ে একটি ফ্লাই-পাস্টও অনুষ্ঠিত হয়।